

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৬১

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ সূর্যের রং হলুদ বর্ণ ধারণ করা পর্যন্ত যে ব্যক্তি আসরের সালাত বিলম্ব করে, তার ক্ষেত্রে মুনাফিক নাম ব্যবহার

ذِكْرُ اثْبَاتِ اسْمِ الْمُنَافِقِ عَلَى الْمُؤَخَّرِ صَلَاةِ الْعَصْرِ إِلَى اصْفِرَارِ الشَّمْسِ

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ قَالَ: دَخَلْنَا عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ بَعْدَ الظُّهْرِ فَقَامَ يُصَلِّي العَصْرَ فَلَمَّا فَرَغَ مِنْ صَلَاتِهِ ذَكَرْنَا تَعْجِيلَ الصَّلَاةِ أَوْ ذَكَرَهَا فَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِينَ تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِينَ ثَلَاثَ مَرَّاتٍ يَجْلِسُ أَحَدُهُمْ حَتَّى إِذَا اصْفَرَّتِ الشَّمْسُ وَكَانَتْ بَيْنَ قَرْنِي الشَّيْطَانِ أَوْ عَلَى قَرْنِي الشَّيْطَانِ فَتَقْرَأُ رُبْعًا لَمْ يَذْكُرِ اللَّهُ فِيهَا إِلَّا قَلِيلًا".

الراوي : العلاء بن عبد الرحمن عن أنس بن مالك | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 261 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬১. ‘আলা বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা যোহরের পর আনাস বিন মালিক রাধিয়াল্লাহু আনহুর নিকট গেলাম। অতঃপর তিনি আসরের সালাত আদায় করার জন্য দাঁড়ালেন। যখন তিনি সালাত শেষ করলেন আমরা অথবা তিনি নিজেই তাড়াতাড়ি সালাত আদায় করার কথা আলোচনা করলেন। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এটি মুনাফিকের সালাত।” এই কথাটি তিনি তিনবার বললেন। (তারপর তিনি বলেন) কোন ব্যক্তি সালাত আদায় না করে বসে থাকে, এমনকি সূর্য যখন হলুদ বর্ণ ধারণ করে এবং শয়তানের দুই শিংয়ের মাঝখানে অথবা উপরে অবস্থান করে, তখন সে ব্যক্তি চারটি ঠোকর দেয় আর তাতে খুব কমই আল্লাহকে স্মরণ করে।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ৪১৩; সুনান বাইহাকী: ১/৪৪৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/২২১; মুসনাদ আহমাদ: ৩/১৪৯; ইমাম তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯২; বাগাবী, শারহু সুন্নাহ: ৩৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৪১।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88560>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন